দৈনিক বাংলা

056

তারিখ ৩১/৩/৭৯
পৃষ্ঠা… … …কলাম… … …

আজ সারাদেশে

# এইচএসসি পরীক্ষা শুরু

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৭৯ সালের এইচএসসি পরীক্ষা আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। ঢাকা উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে মোট ৩১ হাজার ৫২ জন পরীক্ষার্থী এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন।

কলা শাখায় ১১ হাজার ৪শ ৭৮ জন, বিজ্ঞান শাখায় ১৫ হাজার ৭শ ৫২ জন, বাণিজ্য শাখায় ৩ হাজার ৩শ ৬৫ জন, গার্হস্থ্য অর্থনীতিতে ২শ ৩ জন, কৃষি বিজ্ঞানে ২শ ৩৭ জন, ইসলামী শিক্ষায় ১০ জন এবং সঙ্গীত শাখায় ৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

ঢাকা শি[illegible] বোর্ডের আওতাধীন মোট ৬৩টি পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষা নেয়া হবে। জাপানের টোকিওস্থ একটি কেন্দ্রেও এইচ-এসসি পরীক্ষা নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজধানী ঢাকার পরীক্ষা উপ-কেন্দ্র মোট ১৯টি। এতে অংশগ্রহণ-কারী ১০ হাজার ৩শ ৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৪শ ৪৯ জন ছাত্র এবং ২ হাজার ৯শ ২৬ জন ছাত্রী।